দৈনিক বাংলা



তারিখ ...18 JUN 1988...
পৃষ্ঠা... 1 কলাম 7...

# ঢাকা মহানগরীতে দশটি মডেল স্কুল স্থাপিত হবে: আনিস

শিক্ষামন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ ঢাকায় বলেন, সরকার শিক্ষার মানোন্নয়নে ঢাকা মহানগরী এলাকায় দশটি মডেল স্কুল স্থাপনের বিষয়টি সক্রিয় ভাবে বিবেচনা করছেন।

মন্ত্রী শুক্রবার ঢাকায় গভর্নমেন্ট মডেল হাইস্কুলের নয়া ভবনের উদ্বোধন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন। খবর বাসসের।

জনাব মাহমুদ বলেন, সরকার

(শেষ পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## আনিস

(১ম পৃঃ পর)

এই স্কুলগুলো প্রতিষ্ঠা করলেও স্থানীয় লোকদের বৃহত্তর অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে তাদেরকে এগুলো পরিচালনা করতে হবে। এই স্কুলগুলোতে প্রাথমিক শ্রেণী থেকে উচ্চ মাধ্যমিক পর্যায় পর্যন্ত থাকবে।

আলহাজ্ব আবদুল করিমের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জনাব এম এ খালেক এমপি। শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমদও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।